গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের তথ্য

সুজন-সুশাসনের জন্য নাগরিক (২২ জুন, ২০১৩)

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ৬ জুলাই ২০১৩ তারিখে গাজীপুর সিটি করপোরেশন নির্বাচন। মোট ৫৭টি ওয়ার্ড নিয়ে গঠিত এই সিটি করপোরেশনে মোট ভোটার সংখ্যা ১০ লক্ষ ২৬ হাজার ৯৬৪ জন। এ নির্বাচনে চূড়ান্ত প্রার্থী হিসাবে মেয়র পদে ৭ জন, সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদে ৪৪৯ জন এবং সংরক্ষিত আসনের (মহিলা) কাউন্সিলর পদে ১২৮ জন অর্থাৎ সর্বমোট ৫৮৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচনী বিধি অনুযায়ী প্রার্থীগণ মনোনয়নপত্রের সঙ্গে হলফনামা আকারে ৭ ধরনের তথ্য (আয়কর বিবরণীসহ) রিটার্নিং অফিসারের কার্যালয়ে দাখিল করেছেন।

আমরা **'সুজন'**-এর উদ্যোগে প্রার্থীগণ প্রদত্ত তথ্যসমূহ বিশ্লেষণ করে গণমাধ্যমের সহযোগিতায় জনগণের কাছে তুলে ধরতে চাই। এ বিশ্লেষণের ভিত্তি হলো নির্বাচন কমিশন সূত্র থেকে প্রাপ্ত প্রার্থীগণ প্রদত্ত তথ্য। এ সকল তথ্য প্রদানের উদ্দেশ্য হলো ভোটারদেরকে ক্ষমতায়িত করা, যাতে তারা জেনে-শুনে-বুঝে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন।

প্রার্থীগণ তাদের হলফনামায় শিক্ষাগত যোগ্যতা, পেশা/জীবিকা, অতীতে এবং বর্তমানে ফৌজদারী মামলা হয়েছে কি না, প্রাথী এবং প্রার্থীর ওপর নির্ভরশীলদের অস্থাবর ও স্থাবর সম্পদের বিবরণ, প্রার্থীর ঋণ সংক্রান্ত তথ্য, কর প্রদানের তথ্য জমা দিয়েছেন। প্রার্থীগণ প্রদত্ত তথ্যের বিশ্লেষণ নিম্নে তুলে ধরা হলো।

শিক্ষাগত যোগ্যতা

পদ	এসএসসি'র নীচে	এসএসসি	এইচএসসি	স্নাতক	স্নাতকোত্তর	উল্লেখ নেই	মোট	মন্তব্য
মেয়র	-	১ (১৪.২৮%)	২ (২৮.৫৭%)	১ (১৪.২৮%)	৩ (৪২.৮৫%)	-	৭	
ওয়ার্ড কাউন্সিলর	২০৬ (৪৫.৮৯%)	৮১ (১৮.০৪%)	৬৬ (১৪.৬৯%)	৬০ (১.৩৬%)	৩০ (৬.৬৮%০	৬ (১.৩৩%)	৪৪৯	
মহিলা কাউন্সিলর	৯০ (৭০.৩১%)	৬ (৪.৬৮%)	১৫ (১১.৭১%)	১১ (৮.৫৯%)	৩ (২.৩৪%)	৩ (২.৩৪%)	১২৮	
সর্বমোট	**২৯৬ (৫০.৬৮%)**	**৮৮ (১৫.০৬%)**	**৮৩ (১৪.২১%)**	**৭২ (১২.৩২%)**	**৩৬ (৬.১৬%)**	**৯ (১.৫৪%)**	**৫৮৪ (১০০%)**	

- মেয়র প্রার্থী এডভোকেট আজমত উল্লা খান, অধ্যাপক এম এ মান্নান ও মোঃ জাহাঙ্গীর আলমের শিক্ষাগত যোগ্যতা স্নাতকোত্তর। ডাঃ নাজিম উদ্দিন আহমেদ এমবিবিএস। জনাব আমান উল্লাহ ও জনাব রিনা সুলতানা (লাভলী) এইচএসসি এবং মোঃ মেজবাহ উদ্দিন সরকার রুবেল এসএসসি পর্যন্ত লেখাপড়া করেছেন। বিশ্লেষণে দেখা যায় যে, মেয়র প্রার্থীদের অধিকাংশই (৪ জন বা ৫৭.১৪%) উচ্চ শিক্ষিত।
- সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতাকারী ৪৪৯ জন প্রার্থীর মধ্যে ২০৬ জনের (৪৫.৮৯%) শিক্ষাগত যোগ্যতা এসএসসি'র নীচে। স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীর সংখ্যা মোট ৯০ জন (২০.০৪%)।
- সংরক্ষিত নারী আসনের কাউন্সিলর প্রার্থীদের অধিকাংশের (৯০ জন বা ৭০.৩১%) শিক্ষাগত যোগ্যতা এসএসসি'র নীচে। মাত্র ১৪ জন (১০.৯৩%) স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী।
- মেয়র ও কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতাকারী সর্বমোট ৫৮৪ জন প্রার্থীর মধ্যে ২৯৬ জনেরই (৫০.৬৮%) শিক্ষাগত যোগ্যতা এসএসসি'র নীচে। অপরদিকে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীর সংখ্যা ১০৮ জন (১৮.৪৯%)।

পেশা সংক্রান্ত তথ্য:

পদ	কৃষি	ব্যবসা	চাকুরি	আইনজীবী	গৃহিনী	অন্যান্য	উল্লেখ নেই	মোট	মন্তব্য
মেয়র	-	৫ (৭১.৪২%)	-	১ (১৪.২৮%)	-	১ (১৪.২৮%)		৭	
কাউন্সিলর	৫৮ (১২.৯১%)	৩১৬ (৭০.৩৭%)	২৭ (৬.০১%)	৬ (১.৩৩%)	-	২৪ (৫.৩৪%)	১৮ (৪.০০%)	৪৪৯	
মহিলা কাউন্সিলর	-	১৪ (১০.৯৩%)	১৩ (১০.১৫%)	৪ (৩.১২)	৮০ (৬২.৫%)	৭ (৫.৪৬%)	১০ (৭.৮১%)	১২৮	
সর্বমোট	**৫৮ (৯.৯৩%)**	**৩৩৫ (৫৭.৩৬%)**	**৪০ (৬.৮৪%)**	**১১ (১.৮৮%)**	**৮০ (১৩.৬৯%)**	**৩২ (৫.৪৭%)**	**২৮ (৪.৭৯%)**	**৫৮৪ (১০০%)**	

- ৭ মেয়র প্রার্থীদের মধ্যে ৫ জনই (৭১.৪২%) ব্যবসায়ী। এডভোকেট আজমত উল্লা খান আইনজীবি এবং ডাঃ নাজিম উদ্দিন আহমেদ ডাক্তারী পেশায় নিয়োজিত।

- ওয়ার্ড কাউন্সিলর প্রার্থীদের ৭০.৩৭% (৩১৬ জন) ব্যবসায়ী। সংরক্ষিত আসনের ৬২.৫% (৮০ জন) গৃহিনী।
- সর্বমোট ৫৮৪ জন প্রার্থীর মধ্যে ৩৩৫ জন (৫৭.৩৬%) ব্যবসায়ী। সংরক্ষিত আসনের প্রার্থীদের বাদ দিলে ব্যবসায়ীর হার ৭০.৩৯% (৩২১ জন)।

মামলা সংক্রান্ত তথ্য:

পদ	বর্তমান মামলা	অতীত মামলা	বর্তমানে ৩০২ ধারায় মামলা	অতীতে ৩০২ ধারায় মামলা	উভয় সময়েই মামলা	উভয় সময়েই ৩০২ ধারায় মামলা	মোট প্রার্থী	মন্তব্য
মেয়র	১ (১৪.২৮%)	২ (২৮.৫৭%)	-	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	৭	
কাউন্সিলর	১০২ (২২.৭১%)	৭২ (১৬.০৩%)	৫ (১.১১%)	১২ (২.৬৭%)	১৮ (৪.০০%)	-	৪৪৯	
মহিলা কাউন্সিলর	৫ (৩.৯০%)	৪ (৩.১২%)	-	-	-	-	১২৮	
সর্বমোট	**১০৮ (১৮.৪৯%)**	**৭৮ (১৩.৩৫%)**	**৫ (০.৮৫%)**	**১৩ (২.২২%)**	**১৯ (৩.২৫%)**	১ (০.১৭%)	**৫৮৪ (১০০%)**	

- ৭ মেয়র প্রার্থীর মধ্যে শুধুমাত্র অধ্যাপক এম এ মান্নানের বিরুদ্ধে বর্তমানে ২ টি মামলা রয়েছে। অতীতেও তাঁর বিরুদ্ধে ৫টি মামলা ছিল। এডভোকেট আজমত উল্লা খানের বিরুদ্ধে অতীতে ৩টি মামলা ছিল; যার মধ্যে ১টি ছিল ৩০২ ধারার মামলা। অন্য ৫ জন প্রার্থীর বিরুদ্ধে কোন মামলা নেই এবং অতীতেও ছিল না।
- সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতাকারীদের ৪৪৯ জন প্রার্থীর মধ্যে বর্তমানে ১০২ জনের (২২.৭১%) বিরুদ্ধে মামলা আছে এবং অতীতে ছিল ৭২ জনের (১৬.০৩%) বিরুদ্ধে। বর্তমানে ৩০২ ধারায় মামলা আছে ৫ জনের (১.১১%) বিরুদ্ধে এবং অতীতে ছিলো ১২ জনের (২.৬৭%) বিরুদ্ধে ।
- সংরক্ষিত নারী আসনের ১২৮ জন প্রার্থীর মধ্যে বর্তমানে মাত্র ৫ জনের (৩.৯০%) বিরুদ্ধে মামলা আছে। ৩০২ ধারায় কারও বিরুদ্ধে কোন মামলা নেই বা ছিলও না।
- গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ৫৮৪ জন প্রার্থীর মধ্যে বর্তমানে ১০৮ জনের (১৮.৪৯%) বিরুদ্ধে মামলা আছে এবং অতীতে ছিল ৭৮ জনের (১৩.৩৫%) বিরুদ্ধে; যার মধ্যে ৫ জনের (০.৮৫%) বিরুদ্ধে ৩০২ ধারায় মামলা রয়েছে এবং অতীতে ৩০২ ধারায় মামলা ছিল ১৩ জনের (২.২২%) বিরুদ্ধে।

প্রার্থী ও নির্ভরশীলদের বাৎসরিক আয় সংক্রান্ত তথ্য:

পদ	১ লক্ষের নীচে	১ লক্ষ থেকে ২ লক্ষ টাকা	২ লক্ষ ১ টাকা থেকে ৫ লক্ষ	৫ লক্ষ ১ টাকা থেকে ১০ লক্ষ	১০ লক্ষ ১ টাকা থেকে ৫০ লক্ষ	৫০ লক্ষ ১ টাকা থেকে ১ কোটি	১ কোটির উপরে	উল্লেখ নাই	মোট প্রার্থী	মন্তব্য
মেয়র	-	২ (২৮.৫৭%)	১ (১৪.২৮%)	২ (২৮.৫৭%)	১ (১৪.২৮%)		১ (১৪.২৮%)	-	৭	
কাউন্সিলর	৫৭ (১২.৬৯%)	২০৪ (৪৫.৪৩%)	১৩৯ (৩০.৯৫%)	২১ (৪.৬৭%)	১৫ (৩.৩৪%)	১ (০.২২%)	-	১২ (২.৬৭%)	৪৪৯	
মহিলা কাউন্সিলর	২৬ (২০.৩১%)	৪২ (৩২.৮১%)	২৬ (২০.৩১%)	-	২ (১.৫৬%)	-	-	৩২ (২৫.০০%)	১২৮	
সর্বমোট	**৮৩ (১৪.২১%)**	**২৪৮ (৪২.৪৬%)**	**১৬৬ (২৮.৪২%)**	**২৩ (৩.৯৩%)**	**১৮ (৩.০৮%)**	**১ (০.৩৪%)**	**১ (০.১৭)**	**৪৪ (৭.৫৩%)**	**৫৮৪**	

- ৭ জন মেয়র প্রার্থীর মধ্যে ৩ জন প্রার্থী এবং নির্ভরশীলদের (জনাব আমান উল্লাহ, মোঃ মেজবাহ উদ্দিন সরকার রুবেল ও জনাব রিনা সুলতানা লাভলী) বার্ষিক আয় ৫ লক্ষ টাকার নীচে। ডাঃ নাজিম উদ্দিন আহমেদ বছরে ৬ লক্ষ ৩ হাজার ৭ শত ৫০ টাকা, এডভোকেট আজমত উল্লা খান ৯ লক্ষ টাকা এবং অধ্যাপক এম এ মান্নান ২০ লক্ষ ৫৪ হাজার টাকা আয় করেন। এক্ষেত্রে শীর্ষে রয়েছেন মোঃ জাহাঙ্গীর আলম। তাঁর বার্ষিক আয় ১ কোটি ১৮ লক্ষ ৫৯ হাজার ৫ শত।
- ৪৪৯ জন ওয়ার্ড কাউন্সিলর প্রার্থীর মধ্যে সিংহভাগের (২৬১ জন বা ৫৮.১২%) বার্ষিক আয় বছরে ২ লক্ষ টাকার কম। ১৬ জন (৩.৫৬%) কাউন্সিলর প্রার্থী বছরে ১০ লক্ষ টাকার বেশী আয় করেন।
- ১২৮ জন সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থীর মধ্যে ৬৮ জনের (৫৩.১২%) বার্ষিক আয় বছরে ২ লক্ষ টাকার কম। মাত্র ২ জন (১.৫৬%) বছরে ১০ লক্ষ টাকার বেশী আয় করেন।

- সর্বমোট ৫৮৪ জন প্রার্থীর মধ্যে ৩৩১ জনের (৫৬.৬৭%) বার্ষিক আয় বছরে ২ লক্ষ টাকার কম। মাত্র ২০ জন (৩.৪২%) বছরে ১০ লক্ষ টাকার বেশী আয় করেন।
- বছরে কোটি টাকা অংকে আয় করেন মেয়র প্রার্থী মোঃ জাহাঙ্গীর আলম।

প্রার্থী ও নির্ভরশীলদের সম্পদের তথ্য

পদ	৫ লক্ষের নীচে	৫ লক্ষ থেকে ১৫ লক্ষ টাকা	১৫ লক্ষ ১ টাকা থেকে ২৫ লক্ষ	২৫ লক্ষ ১ টাকা থেকে ৫০ লক্ষ	৫০ লক্ষ ১ টাকা থেকে ১ কোটি	১ কোটি ১ টাকা থেকে ৫ কোটি	৫ কোটির উপরে	উল্লেখ নাই	মোট প্রার্থী	মন্তব্য
মেয়র	১ (১৪.২৮%)	১ ১৪.২৮%)	-	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	৩ (৪২.৮৫%)	-	-	৭	
কাউন্সিলর	৩৩৮ (৭৫.২৭%)	৫৭ (১২.৬৯%))	১২ (২.৬৭%)	১০ (২.২২%)	৪ (০.৮৯)	৪ (০.৮৯)	২ (০.৪৪%)	২২ (৪.৮৯%)	৪৪৯	
মহিলা কাউন্সিলর	১০২ (৭৯.৬৮%)	১৩ (১০.১৫%)	৪ (৩.১২%)	-	১ (০.৭৮%)	-	-	৮ (৬.২৫%)	১২৮	
সর্বমোট	**৪৪১ (৭৫.৫১%)**	**৭১ (১২.১৫%)**	**১৬ (২.৭৩%)**	**১১ (১.৮৮%)**	**৬ (১.০২%)**	**৭ (১.১৯%)**	**২ (০.৩৪%)**	**৩১ (৫.৩০%)**	**৫৮৪**	

- গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী সর্বমোট ৫৮৪ জন প্রার্থীর মধ্যে তিন চতুর্থাংশেরই সম্পদ ৪৪১ জনের (৭৫.৫১%) সম্পদ ৫ লক্ষ টাকার নীচে। প্রার্থীদের মধ্যে ৮ জন কোটিপতি। এর মধ্যে ২ জন মেয়র ও ছয়জন কাউন্সিলর প্রার্থী।
- হলফনামায় সম্পদের বিবরণ প্রদানের ছক থাকলেও প্রার্থীগণ সকল সম্পদের মূল্য উল্লেখ না করায়, সঠিকভাবে সম্পদের পরিমাণ নিরূপণ করা সম্ভব হয়না। তাই যেসকল প্রার্থীর তথ্য হলফনামা থেকে পাওয়া যায়নি, তাঁদের তথ্য আয়কর বিররণী থেকে সংগ্রহের চেষ্টা করা হয়েছে। তবে করদাতার সংখ্যা নগণ্য হওয়ায় সম্পদের সঠিক পরিমাণ নিরূপণের কাজটি বেশ দুরুহ।
- আয়কর বিবরণী মেয়র প্রার্থীদের মধ্যে অধ্যপক এম এ মান্নানের মোট সম্পদের পরিমাণ ৪ কোটি ৩৫ লক্ষ ৫৮ হাজার ২ টাকা, মোঃ জাহাঙ্গীর আলমের মোট সম্পদের পরিমাণ ৩ কোটি ৮৩ লক্ষ ৮৭ হাজার ৩ শত ৮৭ টাকা, এডভোকেট আজমত উল্লা খানের মোট সম্পদের পরিমাণ ১ কোটি ৪৯ লক্ষ ৯৯ হাজার ২ শত ২ টাকা, ডাঃ নাজিম উদ্দিন আহমেদের মোট সম্পদের পরিমাণ ৫৩ লক্ষ ২৩ হাজার ২১ টাকা, মোঃ মেজবাহ উদ্দিন সরকার রুবেলের মোট সম্পদের পরিমাণ ২২ লক্ষ ৭৭ হাজার, জনাব আমান উল্লাহ'র মোট সম্পদের পরিমাণ ৬ লক্ষ ৯০ হাজার এবং হলফনামায় প্রদত্ত তথ্য অনুযায়ী জনাব রিনা সুলতানা লাভলীর মোট সম্পদের পরিমাণ ২০ হাজার টাকা। বিশ্লেষণে দেখা যায় ৩ জন মেয়র প্রার্থীর সম্পদ কোটি টাকার উপরে।

দায়-দেনা ও ঋণ সংক্রান্ত তথ্য

পদ	১ লক্ষের নীচে	১ লক্ষ থেকে ৫ লক্ষ টাকা	৫ লক্ষ ১ টাকা থেকে ১০ লক্ষ	১০ লক্ষ ১ টাকা থেকে ৫০ লক্ষ	৫০ লক্ষ ১ টাকা থেকে ১ কোটি	১ কোটি ১ টাকা থেকে ৫ কোটি	৫ কোটির উপরে	উল্লেখ নাই	মোট প্রার্থী	মন্তব্য
মেয়র	-	-	২ (২৮.৫৭%)	-	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	-	-	৭	৩ জনের ঋণ নেই
কাউন্সিলর	৫ (১.১১%)	১৯ (৪.২৩%)	২৪ (৫.৩৪%)	৪৭ (১০.৪৬%)	২০ (৪.৪৫%)	১৩ (২.৮৯%)	২ (০.৪৪%)	-	৪৪৯	৩১৯ জনের ঋণ নেই
মহিলা কাউন্সিলর	৩ (২.৩৪%)	২ (১.৫৬%)	৩ (২.৩৪%)	২ (১.৫৬%)	-	-	-	-	১২৮	১১৮ জনের ঋণ নেই
সর্বমোট	৮ (১.৩৬%)	২১ (৩.৫৯%)	২৯ (৪.৯৬%)	৪৯ (৮.৩৯%)	২১ (৩.৫৯%)	১৪ (২.৩৯%)	২ (০.৩৪%)	-	**৫৮৪**	**৫৪০ জনের ঋণ নেই**

- প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে ১৪৪ জন (২৪.৬৫%) ঋণ গ্রহীতা । ৫৪০ জনেরই (৭৫.৩৪%) কোন ঋণ নেই।
- মেয়র প্রার্থীদের মধ্যে ৪ জনই (৫৭.১৪%) ঋণ গ্রহীতা। অধ্যাপক এম এ মান্নানের ৪ কোটি ২৩ লক্ষ ৫৮ হাজার ৩ শত ৪ টাকা, মোঃ জাহাঙ্গীর আলমের ৮৫ লক্ষ টাকা, রিনা সুলতানা লাভলীর ১০ লক্ষ টাকা এবং এডভোকেট আজমত উল্লা খানের ৯ লক্ষ ২৮ হাজার ৩ শত ৬৮ টাকা ঋণ রয়েছে।
- একটি বিষয় লক্ষ্যণীয় যে, অধ্যপক এম এ মান্নানের মোট সম্পদের পরিমাণ ৪ কোটি ৩৫ লক্ষ ৫৮ হাজার ২ টাকা এবং তাঁর দায়-দেনার পরিমাণ ৪ কোটি ২৩ লক্ষ ৫৮ হাজার ৩ শত ৪ টাকা। এক্ষেত্রে তাঁর নীট সম্পদ মাত্র ১১ লক্ষ ৯৯ হাজার ৬ শত ৯৮ টাকা। রিনা সুলতানা লাভলীর মোট সম্পদের পরিমাণ ২০ হাজার টাকা হলেও ঋণের পরিমাণ ১০ লক্ষ টাকা।

আয়কর প্রদান সংক্রান্ত তথ্য:

পদ	৫ হাজার টাকা বা তার চেয়ে কম	৫ হাজার ১ টাকা থেকে ১০ হাজার	১০ হাজার ১ টাকা থেকে ৫০ হাজার টাকা	৫০ হাজার ১ টাকা ১ থেকে ১ লক্ষ টাকা	১ লক্ষ ১ টাকা থেকে ৫ লক্ষ টাকা	৫ লক্ষ ১ টাকা থেকে ১০ লক্ষ টাকা	১০ লক্ষ টাকার উপরে	উল্লেখ নাই	মোট প্রার্থী	মন্তব্য
মেয়র	-	-	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	১ (১৪.২৮%)	-	-	৭	৪ জন করদাতা
কাউন্সিলর	১৬ (৩.৫৬%)	৬ (১.৩৩%)	৬ (১.৩৩%)	৩ (০.৬৬%)	৪ (০.৮৯%)	-	-	-	৪৪৯	৩৫ জন কর দাতা
মহিলা কাউন্সিলর	-	-	-	-	-	-	-	-	-	একজনও করদাতা নেই
সর্বমোট	১৬ (২.৭৩%)	৬ (১.০২%)	৭ (১.১৯%)	৪ (০.৬৮%)	৫ (০.৮৫%)	১ (০.১৭%)	-	-	৫৮৪	৩৯ জন করদাতা

- সকল প্রার্থীর মধ্যে মাত্র ৩৯ জন (৬.৬৭%) আয়কর দাতা। ৯৩% (৫৪৫ জন) কর প্রদান করেন না বা করের আওতাভূক্ত নন।
- ৭ জন মেয়র প্রার্থীর মধ্যে করদাতা ৪ জন (৫৭.১৪%)।

কর সংক্রান্ত তথ্য (মেয়র প্রার্থী)

নাম	করযোগ্য আয়	প্রদত্ত করের পরিমাণ	পারিবারিক ব্যয় (বাৎসরিক)	মন্তব্য
এডভোকেট আজমত উল্লা খান	৯,০০,০০০	৯০,০০০	৬,২৭,১৯৮	
জনাব আমান উল্লাহ	২,১০,০০০	-	১,০০,০০০	
অধ্যাপক এম এ মান্নান	১৬,৫৮,০০০	২,৪৯,৩১৬	৮,০০,৫৪৭	
মোঃ জাহাঙ্গীর আলম	৪৬,০০,০০০	১০,০০,০০০	১৫,০০,০০০	
ডাঃ নাজিম উদ্দিন আহমেদ	৬,০৩,৭৫০	৪১,৮১৩	৩,০০,০০০	
মোঃ মেজবাহ উদ্দিন সরকার রুবেল	১,৯৫,০০০	-	১,০০,০০০	
রিনা সুলতানা (লাভলী)	-	-	-	

সূত্র: নির্বাচন কমিশন

- মেয়র প্রার্থীগণের মধ্যে মোঃ জাহাঙ্গীর আলম সর্বোচ্চ ১০ লক্ষ টাকা আয়কর দিয়েছেন। অধ্যাপক এম এ মান্নানও লক্ষ টাকার অংকে আয়কর দিয়েছেন। তাঁর প্রদত্ত করের পরিমাণ ২ লক্ষ ৪৯ হাজার ৩ শত ১৬ টাকা।

আসুন, ভোটারদের জ্ঞাতার্থে প্রার্থীদের তথ্যগুলো তুলে ধরি, যাতে ভোটাররা প্রার্থীদের সম্পর্কে জেনে-শুনে-বুঝে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন। একইসঙ্গে সকলেই সমবেত কণ্ঠে আওয়াজ তুলি-

আমার ভোট আমি দেব
জেনে-শুনে-বুঝে দেব
সৎ-যোগ্য ও জনকল্যাণে নিবেদিত প্রার্থীকে দেব

প্রার্থীদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে তৈরি বিস্তারিত তুলনামূলক চিত্রের জন্য দেখুন:

www.votebd.org